

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা অরফুল হোসেন মাসিক মিয়া

জগন্নাথ বিশ্ববিদ্যালয়:অদম্য অগ্রযাত্রার ১৩তম বার্ষিকী

সংকটে সম্ভাবনার নতুন দ্বার

 ২৩ অক্টোবর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

আহসান জোবায়ের

প্রতিষ্ঠার এক যুগ অতিক্রম করে ১৩তম বর্ষে পা রেখেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ২০০৫ সালে জাতীয় সংসদে পাসকৃত ২৮নং আইন মোতাবেক কলেজ থেকে এই ঐতিহ্যবাহী বিদ্যাপীঠকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হয়।

নানা সংকট সমস্যা ও অবকাঠামোগত সংকীর্ণতার মধ্যেও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অগ্রযাত্রা থেমে নেই। ইতোমধ্যে দেড়শতাধিক জনের মতো শিক্ষক এখন আমেরিকা, অস্ট্রেলিয়া, কানাডা, ইউরোপ, কোরিয়া, জাপান এবং চীনে পিএইচডি ডিগ্রি অর্জন করছেন। অনেকে পিএইচডি করে ফিরে এসেছেন।

চলতি বছর পরিত্যক্ত পলিথিন ব্যাগ থেকে ডিজেল ও পেট্রোল তেল তৈরির প্রক্রিয়া উদ্ভাবন করলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহম্মাদ মাহমুদুর রহমান। বর্তমানে জ্ঞান আহরণের কার্যক্রম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সমান তালে এগিয়ে যাচ্ছে, গবেষণা কর্মকাণ্ড চালু হয়েছে। এমফিল এবং পিএইচডি প্রোগ্রাম খোলা হয়েছে। এই সব প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা গবেষণা করছে এবং শিক্ষকরা তাদের তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করছেন। ২০১৩ সালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিশ্ববিদ্যালয়ের পাশে ছাত্রীদের জন্য এক হাজার আসন বিশিষ্ট ‘বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব’ হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বর্তমানে ১৬ তলা বিশিষ্ট হলটির কক্ষ নির্মাণ কাজ চলছে। এ বছরের শেষে নারী শিক্ষার্থীরা হলে উঠতে পারবে।

বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি, ইন্টারনেট সুবিধা এবং গবেষণাগারেও নজর বাড়ানো হয়েছে। এরই মধ্যে ই-লাইব্রেরি চালু করা হয়েছে। ই-বুক সিস্টেমে চলছে পুরো গ্রন্থাগার।

জবি উপাচার্য বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ের একটি বড় সমস্যা ছিল একাডেমিক ও আবাসন সমস্যা। সরকার আমাদের কেরানীগঞ্জে ২০০ একর জমি দিয়েছে। এখানে মহাপরিকল্পনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন ও আবাসনের ব্যবস্থা করা হলে এ বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত